



308082 - আল-বারাকা ইসলামী ব্যাংকে অর্থ জমা রাখার হুকুম

প্রশ্ন

আমি একটি কোম্পানীর কয়েকটি একাউন্ট পরিচালনা করি। কয়েকটি সুদী ব্যাংকে কোম্পানীটির একাউন্ট রয়েছে। উল্লেখ্য, একাউন্ট হোল্ডাররো শুধু কারেন্ট একাউন্টই খুলে থাকে এবং তারা সুদ গ্রহণ করে না। এ সকল অলস অর্থ আল-বারাকার মত একটি ইসলামী ব্যাংকে রাখা কি উত্তম নয়; যখন থেকে লাভ পাওয়া যাবে। যদি সটো সম্ভবপর হয় তাহলে এই লাভ কি আয়কর ও শুল্ক প্রদানে কথিবা এ জাতীয় অন্য খাতে ব্যবহার করা যাবে? নাকি যে কোন খাতেই ব্যবহার করা যাবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

এক:

নছিক অর্থ সংরক্ষণ করার প্রয়োজন ছাড়া সুদী ব্যাংকে অর্থ জমা রাখা হারাম। সৎ জন্য কেবল (সুদী ব্যাংকের) কারেন্ট একাউন্টে অর্থ জমা রাখার মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। সুদী ব্যাংকের সঞ্চারী একাউন্টে অর্থ জমা রাখা জায়যে নয়; এমনকি সটো যদি সুদ গ্রহণ না করে হয় তবুও। কেননা সঞ্চারী একাউন্টে অর্থ জমা রাখার অর্থ হল: ব্যাংকে সুদভিত্তিক ঋণ দেওয়া। কারেন্ট একাউন্টের ক্ষেত্রে এমনটি হয় না। কেননা সটো যদিও ব্যাংকের জন্য সহযোগিতা কনিতু এতে জমাকারী ব্যাংকের সাথে সুদী চুক্তিতে আবদ্ধ হন না।

স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র (১৩/৩৪৬) এসছে:

"মুদ্রা ও এ জাতীয় অন্য কিছু সুদী ব্যাংকে, সুদী প্রতিষ্ঠানে জমা রাখা জায়যে নাই। সৎ জমা রাখাটা সুদভিত্তিক হোক কথিবা সুদ ছাড়া হোক। যহেতে এর মধ্যে গুনাহ ও সীমা লঙ্ঘনের কাজে সহযোগিতা পাওয়া যায়। আল্লাহ তাআলা বলেন: "তোমরা পাপ ও সীমালঙ্ঘনের ক্ষেত্রে সহযোগিতা করো না"। তবে যদি চুরি হয়ে যাওয়া, ছিনতাই হয়ে যাওয়া বা এমন অন্য কিছুর মাধ্যমে হারিয়ে যাওয়ার আশংকা করে সক্ষেত্রে অর্থ সংরক্ষণার্থে সুদমুক্তভাবে সুদী ব্যাংকে বা সুদী প্রতিষ্ঠানে জমা রাখার অবকাশ দেওয়া হবে। যহেতে এর মাধ্যমে অপেক্ষাকৃত ছোট গুনাহতে লিপ্ত হওয়া হবে।[সমাপ্ত]

দুই:

যে ব্যাংকগুলোর লেনদেনে নখিতভাবে শরীয়াভিত্তিক পরিচালিত হয় সৎ সকল ব্যাংকে বনিয়োগ করা জায়যে। এ ধরণে



লেনদেনের লভ্যাংশ দিয়ে যে কোন খাতে উপকৃত হতে কোন অসুবিধা নাই।

প্রশ্নকারীর দশেরে উল্লখিত ব্যাংকটি এর অর্থের বড় একটি অংশ দিয়ে সুদভিত্তিক সরকারী বন্ড খরিদি করে থাকে; যমেনটি ব্যাংকটির ওয়েবসাইটে প্রকাশিত বার্ষিকি প্রতিবেদনের সূত্রে জানা যায়। অতএব, উল্লখিত ব্যাংকে বিনিয়োগ করা জায়যে হবে না। প্রয়োজন হলে কেবল কারেন্ট একাউন্টে অর্থ জমা রাখা যাবে। আর যদি এর চয়ে ভল ও পরচ্ছিন্ন ব্যাংকে রাখা যায় তাহলে সেটাই উত্তম।

আল্লাহই সর্বজ্ঞ।